দৈনিক ইত্তেফাক

তারিখ 20 ... পৃষ্ঠা 12 কলাম 1

16

# শিক্ষা বোর্ডের ফলাফল তৈরীতে কম্পিউটার ব্যবহার

॥ মাইনুল হাসান ॥

এই বছরের এস, এস, সি ও এইচ এস, সি উভয় পরীক্ষার ফলাফল অবিলম্বে ঘোষণার জন্য ট্যাবুলেশন শীট তৈরী, ফলাফল বিবরণী ও সনদ লিখনের জন্য, দেশের ৪টি শিক্ষাবোর্ড বাংলা কম্পিউটার ব্যবহার করিতেছে। পরীক্ষক কর্তৃক খাতা দেখার পর ফলাফল বোর্ডে প্রেরণের তিন সপ্তাহের মধ্যে কম্পিউটারে ট্যাবুলেশন শীট তৈরী হইবে। একই সময়ের মধ্যে ফলাফলপত্রও (মার্ক-শীট) লিখন সম্পন্ন হইবে। কম্পিউটারের সাহায্যে পরীক্ষার্থীদের নিবন্ধনপত্র যাচাই ও সনদ লিখনের কাজ করা হইবে। যশোর বোর্ডের একজন কর্মকর্তা জানান, পূর্বে শুধুমাত্র ট্যাবুলেশন শীট তৈরীর জন্য কম্পিউটারের সাহায্য গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হইয়াছিল। এইক্ষণে উহার ব্যবহার সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হইয়াছে। ফলে নির্ভুল ফলাফল আশা করা যাইতেছে।